তথ্য ও গণসংযোগ বিভাগ

Information and Public Relations Division



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় BANGLADESH OPEN UNIVERSITY

প্রেস রিলিজ

০৬ ফেব্রুয়ারি ২০২৫

মেধাভিত্তিক রাষ্ট্র গঠনে বই পড়ার বিকল্প নেই- বাউবি উপাচার্য

বাংলা একাডেমির মাসব্যাপী অমর একুশে বইমেলা-২০২৫ এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রথমবারের মতো বাংলা একাডেমি প্রাঙ্গণ, ঢাকায় স্টল বরাদ্দ নেয়া হয়। এ উপলক্ষ্যে গতকাল ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বুধবার বিকাল ৪:০০ টায় বাংলা একাডেমি প্রাঙ্গণে ৯৯০ ও ৯৯১ নং বুক স্টল আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.এ বি এম ওবায়দুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য বলেন, "বাস্তবভিত্তিক জ্ঞান অর্জনে বেশি বেশি বই পড়ার অভ্যাস করতে হবে। কেননা মেধাভিত্তিক রাষ্ট্র ও সমাজ গঠনে বই পড়ার কোনো বিকল্প নেই। অমর একুশে গ্রন্থমেলায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণ একাডেমিক প্রোগ্রামসমূহের প্রতি শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধিতে সহায়ক হবে। বর্ণাঢ্য আয়োজনে বাউবির বুক স্টলে আগত দর্শনার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হয়েছে। এ মেলায় বাউবির চলমান বিভিন্ন প্রোগ্রামের বই, বুকলেট, ব্রোশিউর দর্শনার্থীদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। এখানে কোনো বই বিক্রির জন্য নয়, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম ও বাউবি কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রোগ্রামের মানসম্পন্ন বই সম্পর্কে সাধারণ শিক্ষার্থী তথা আগ্রহী জনসাধারণের নিকট তুলে ধরাই আমাদের মূল উদ্দেশ্য।" এছাড়াও এখন থেকে প্রতি বছর বই মেলায় নিয়মিত অংশগ্রহণ করা হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঙ্গদ ফেরদৌস ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। এ সময়ে উপস্থিত ছিলেন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক তানভির আহসান, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক ও কর্মকর্তা ও কর্মচারীবৃদ্দ। বাউবির চলমান একাডেমিক প্রোগ্রামসমূহের জন্য এ পর্যন্ত চারশতের অধিক সংখ্যক বই প্রকাশিত হয়। এ মেলায় বাউবি পাঠ্যসামগ্রী প্রদর্শন আগামী ২৮ ফেব্রুরারি ২০২৫ তারিখ পর্যন্ত চলবে।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইল- ০১৭১৪৫০৫৭৪৭